

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৩০, ২০১৫

[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখঃ ৩১ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং বিচার-৪/এসি-২/২০১০-৯৫৬—আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ ও ২ এর বিচারাধীন মামলার সংখ্যা বিবেচনায় উক্ত ট্রাইব্যুনাল দুইটিকে একীভূত করে একটি ট্রাইব্যুনাল গঠন আবশ্যিক। সে লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ কর্মরত সদস্য বিচারপতি জনাব আনোয়ারুল হক-কে চেয়ারম্যান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ কর্মরত সদস্য বিচারপতি জনাব মোঃ শাহিনুর ইসলাম-কে সদস্য এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শক্রমে বিচারপতি জনাব মোঃ সোহরাওয়ার্দী-কে সদস্য করে একটি ট্রাইব্যুনাল গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অপর ট্রাইব্যুনালটি পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত অগঠিত অবস্থায় থাকবে।

২। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি জনাব এম, ইনায়েতুর রহিম, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর সদস্য বিচারপতি জনাব জাহাঙ্গীর হোসেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি জনাব ওবায়দুল হাসান এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর সদস্য বিচারপতি জনাব মোঃ মজিবুর রহমান মিয়া বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রত্যাবর্তন করবেন। পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত ট্রাইব্যুনাল হতে হাইকোর্ট বিভাগে

(৮০৮৩)

মূল্য : টাকা ৪.০০

প্রত্যাবর্তনকারী মাননীয় বিচারপতিগণের অনুকূলে ট্রাইব্যুনালে কর্মরত থাকাকালে প্রদত্ত সকল নিরাপত্তা সুবিধাসহ আনুষঙ্গিক অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে।

৩। উল্লেখ্য, পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ ও ২ এর প্রশাসনিক ও বিচার সংক্রান্ত সকল বিষয়াদি পুনঃগঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক সম্পন্ন হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ শেখ মোঃ জাহিরুল হক  
সচিব।